গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রনালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
ওয়েবসাইট: www.gsb.gov.bd
ফেসবুক পেজ: www.facebook.com/bangladeshgeologicalsurvey

স্মারক নম্বর : ২৮.০৫.০০০০.০১০.০৪.০০৪.১৮/১০৩৮

১১ অগ্রহায়ণ, ১৪২৬ বঙ্গাব্দ
২৬ নভেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ

**বিষয়:** বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি) এর ইনোভেশন টিম এর ৫১ তম সভার কার্যবিবরণী।

জনপ্রশাসনে কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজিকরণের লক্ষ্যে গঠিত ইনোভেশন টিমের ৫১ তম সভা গত ২৫ নভেম্বর, ২০১৯ খ্রি: তারিখ, রোজ সোমবার অপরাহ্ন ১৪.৩০ ঘটিকায় টিমের সভাপতি জনাব সাইদুল হোসেন, পরিচালক (ভূতত্ত্ব) এর সভাপতিত্বে অধিদপ্তরের দ্বিতীয় তলার সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা সংলগ্নী-ক হিসাবে সংযুক্ত করা হলো।

**২.০. আলোচনা:**

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি ইনোভেশন টিমের সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সভার প্রারম্ভে ইনোভেশন টিমের সদস্য সচিব সভার আলোচ্যসূচি অনুযায়ী ইনোভেশন কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন। বিগত সভায় গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি বিষয়ে আলোচনা করা হয়। সেবা সহজিকরণ সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ০২ দিনের প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। উদ্ভাবনী কাজে সম্পৃক্ত কর্মকর্তাগণের বিদেশে শিক্ষা সফর আয়োজন সংক্রান্ত আলোচনা করা হয়। উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়নের সরকারি আদেশ জারীর বিষয়ে আলোচনা করা হয়। উদ্ভাবকগণের উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন কর্মপরিকল্পনা (ক্যালেন্ডার) প্রণয়ন কার্যক্রম পরিবীক্ষণ এর বিষয়ে আলোচনা করা হয়। জিএসবি'র ইনোভেশন কর্মকান্ডে বগুড়া ক্যাম্প অফিসের কর্মকর্তা-কর্মচারিগণের সম্পৃক্তির বিষয়ে আলোচনা করা হয়।

**৩.০ সিদ্ধান্তসমূহ:** বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

৩.১. সেবা সহজিকরণ সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ০৫ জন কর্মকর্তার জন্য ০২ দিনের প্রশিক্ষণ কর্মশালা আয়োজনের জন্য অধিদপ্তরের প্রকাশনা ও প্রশিক্ষণ শাখা / জিএটিসি কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হবে।

৩.২. উদ্ভাবনী কাজে সম্পৃক্ত ০৩ জন কর্মকর্তার জন্য বিদেশে শিক্ষা সফর আয়োজনের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

৩.৩. বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ এর ক্রম ৬ এর ৬.১. ও ৬.১.১. অনুযায়ী আগামী ১৯/১২/২০১৯ তারিখের মধ্যে নূন্যতম একটি উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়নের সরকারি আদেশ জারী করতে হবে। উক্ত বিষয় বিবেচনা করে ২০১৯-২০২০ সালের গৃহীত উদ্ভাবনী উদ্যোগ "খনিজ সম্পদ অনুসন্ধানের লক্ষ্যে খনন পরবর্তী কেসিং রিকভারির উপযোগী হাইড্রোলিক পাওয়ার প্যাক উদ্ভাবন" পাইলটিং বাস্তবায়নের সরকারি আদেশ জারীর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে ।

৩.৪. বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ এর ক্রম ১৩ এর ১৩.১. ও ১৩.১.১. অনুযায়ী আগামী ১৯/১২/২০১৯ তারিখের মধ্যে উদ্ভাবকগণের উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন কর্মপরিকল্পনা (ক্যালেন্ডার) প্রণয়ন কার্যক্রম পরিবীক্ষণ এর জন্য উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন কর্মপরিকল্পনা (ক্যালেন্ডার) ইনোভেশন টিমের সদস্যগণ প্রস্তুত করবেন।

৩.৫. জিএসবি'র ইনোভেশন কর্মকান্ডে বগুড়া ক্যাম্প অফিসের কর্মকর্তা-কর্মচারিগণের অংশগ্রহণ এবং সম্যক অবগতির জন্য চলতি অর্থবছরের সুবিধাজনক সময়ে প্রশিক্ষণ কর্মশালা/সেমিনার আয়োজনের জন্য মহাপরিচালক মহোদয় বরাবর প্রস্তাব পেশ করা হবে।

৪.০. আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষনা করেন।

২৬.১১.১৯

(সহিদুল হোসেন)
পরিচালক (ভূতত্ত্ব)
সভাপতি, ইনোভেশন টিম, জিএসবি
ফোনঃ ৫৮৩১২২১৬৮
E-mail: hossain747@gmail.com

স্মারক নম্বর: ২৮.০৫.০০০০.০১০.০৪.০০৪.১৮/১৩০৬৪

তারিখ: ১১ অগ্রহায়ণ, ১৪২৬ বঙ্গাব্দ
২৬ নভেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১) জনাব সাইদুল হোসেন, পরিচালক (ভূতত্ত্ব), সভাপতি, ইনোভেশন টিম, জিএসবি, ঢাকা।

২) জনাব মঈন উদ্দীন আহমেদ, পরিচালক (অপারেশন ও সমন্বয়), জিএসবি, ঢাকা।

৩) জনাব মোহাম্মদ আব্দুল আজিজ পাটোয়ারী, পরিচালক (পরিকল্পনা ও বাস্তবায়ন), জিএসবি, ঢাকা।

৪) জনাব মোহাম্মদ আশরাফুল কামাল, পরিচালক (ভূতত্ত্ব), সদস্য, ইনোভেশন টিম, জিএসবি, ঢাকা।

৫) জনাব নাসিমা বেগম, উপ-পরিচালক (ভূতত্ত্ব), সদস্য, ইনোভেশন টিম, জিএসবি, ঢাকা।

৬) জনাব খোন্দকার রবিউল ইসলাম, উপ-পরিচালক (খনন প্রকৌশল), সদস্য, ইনোভেশন টিম, জিএসবি, ঢাকা।

৭) জনাব মোঃ ফারুক হাছান, সহকারী পরিচালক (ভূতত্ত্ব), সদস্য, ইনোভেশন টিম, জিএসবি, ঢাকা।

৮) জনাব রাজিব কুমার সাহা, সহকারী পরিচালক (ভূতত্ত্ব), সদস্যসচিব, ইনোভেশন টিম, জিএসবি, ঢাকা।

৯) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জিএসবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১০) নথিতে সংরক্ষণের জন্য।

২৬/১১/২০১৯

(রাজিব কুমার সাহা)
সহকারী পরিচালক (ভূতত্ত্ব)
সদস্য সচিব
ইনোভেশন টিম, জিএসবি

জারীকৃত
স্বাক্ষর-
তারিখ-২৬/১১/১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
সেগুনবাগিচা, ঢাকা।

## সভায় উপস্থিতির তালিকা

বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর এর ইনোভেশন টিমের ৫১ তম সভা (নভেম্বর, ২০১৯ মাসের) জনাব সাইদুল হোসেন, পরিচালক (ভূতত্ত্ব) এর সভাপতিত্বে জিএসবি'র দ্বিতীয় তলার সভা কক্ষে ২৫ নভেম্বর, ২০১৯ রোজ সোমবার অপরাহ্ন ২.৩০ ঘটিকায় অনুষ্ঠিত সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা:

| ক্রম | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১) | জনাব মোহাম্মদ আশরাফুল কামাল | পরিচালক (ভূতত্ত্ব), সদস্য | |
| ২) | জনাব নাসিমা বেগম | উপ-পরিচালক (ভূতত্ত্ব), সদস্য | |
| ৩) | জনাব খোন্দকার রবিউল ইসলাম | উপ-পরিচালক (খনন প্রকৌশল), সদস্য | |
| ৪) | জনাব ফারুক হাছান | সহকারী পরিচালক (ভূতত্ত্ব), সদস্য | |
| ৫) | জনাব রাজিব কুমার সাহা | সহকারী পরিচালক (ভূতত্ত্ব), সদস্য সচিব | |

* কর্মকর্তাগণের ক্রম তালিকা জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়